



**কৃষি বিশ্ববিদ্যালয়**

**৩ দফা দাবিতে কৃষি  
অর্থনীতি অনুষদে  
ক্লাস বর্জন**

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : কৃষি অর্থনীতিবিদদের বিশেষ ক্যাডার সার্ভিসে অন্তর্ভুক্তি, সাধারণ অর্থনীতিবিদদের সঙ্গে সকল ক্ষেত্রে চাকরির সুযোগ ও অনুষদে এমবিএ কোর্স চালুর ৩ দফা দাবিতে সোমবার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান অনুষদের ছাত্র-ছাত্রীরা ক্লাস বর্জন করে মিছিল ও সমাবেশ করে।

মিছিলশেষে বিজয় '৭১-এর সামনে সমাবেশে বক্তব্য রাখেন ডিপি শোয়ায়িব খান তারিক, জি.এস. মোকাদ্দেস আলী শিকদার অনিক, বুলবুল, মঞ্জু, ফরিদ, মামুন, সাচ্চা প্রমুখ।

**পরীক্ষা দিতে পারেনি**

বাকসুর সাবেক মিলনায়তন সম্পাদক রেজাউল করিম হাসু হত্যা মামলার জামিনপ্রাপ্ত আসামিদের গতকাল ফাইনাল পরীক্ষা দেয়ার কথা থাকলেও তারা এলাকাস্বাসীর ভয়ে পরীক্ষার হলে আসতে পারেনি।

সাধারণ সম্পাদক এফের ছাত্রনেতা মারুফ, রনি ও প্রান্ত ক্যাম্পাসের বাইরে অবস্থান করছে। ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষে ভর্তি হওয়া এসব ছাত্রদের শেষবর্ষের ফাইনাল পরীক্ষা গতকাল সম্পন্ন হয়েছে। পরিস্থিতি আশঙ্কাজনক হতে পারে ভেবে ক্যাম্পাসের বিভিন্ন মোড়ে ও পয়েন্টে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা ছিল।